# বাংলাদেশ ইনস্টিটিউট অব অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড ম্যানেজমেন্ট (বিয়াম) ফাউন্ডেশন

৬৩, নিউ ইস্কাটন, ঢাকা-১২১৭।

## বিয়াম ফাউন্ডেশন এর মাসিক সমন্বয় সভা ও নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | | মোঃ আবদুল্লাহ আল হাসান চৌধুরী<br>মহাপরিচালক<br>বিয়াম ফাউন্ডেশন। |
| সভার স্থান | : | বিয়াম সভা কক্ষ। |
| তারিখ | : | ১৯.০২.২০২৩ খ্রি: |
| সময় | : | সকাল ১১:০০ ঘটিকা। |
| সভার উপস্থিতি তালিকা | : | পরিশিষ্ট 'ক' |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সহকারী প্রকৌশলী আলোচ্য বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন। সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১। | **গত মাসিক সভার কার্যবিবরণী পঠন ও নিশ্চিতকরণ;** | বিয়াম ফাউন্ডেশন মাসিক সভা গত ১৯.০১.২০২৩ খ্রিঃ তারিখ বিকাল ০৩.০০ টায় বিয়াম ফাউন্ডেশনের মেঘনা হলে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী কার্যপত্রের সাথে দেয়া হয়েছে। কোন সংশোধনী না থাকলে কার্যবিবরণী নিশ্চিত করা যেতে পারে। | মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়। |
| ২। | **গত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা;** | গত সমন্বয় সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদনের উপর নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ | |
| | | **২.১** বিয়াম ফাউন্ডেশনের অভ্যন্তরীন কর্মচারি ও বিয়ামের তত্ত্বাবধানে পরিচালিত বিদ্যালয়/ কলেজসমূহের অধ্যক্ষ / প্রধান শিক্ষক/ শিক্ষকদের সক্ষমতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ বিষয়ে আলোচনা; | |
| | | **আলোচনাঃ** সহকারী প্রকৌশলী সভায় জানান যে, গত সভায় বিয়াম ফাউন্ডেশনের কর্মচারীদের অভ্যন্তরীন প্রশিক্ষণের কোর্স কারিক্যুলাম প্রণয়নের জন্য নিম্নরূপ একটি কমিটি গঠন করা হয়ঃ- (১) পরিচালক (প্রশিক্ষণ)- আহবায়ক, পরিচালক (প্রশাসন)- সদস্য, উপপরিচালক (প্রশিক্ষণ)- সদস্য সচিব। কমিটি আগামী ১৫ দিনের মধ্যে প্রতিবেদন দিবেন। এ বিষয়ে পরিচালক (প্রশিক্ষণ) সভাকে জানান যে, আগামী মার্চ/২০২৩ মাসের মধ্যে প্রতিবেদন দাখিল করা হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>খ) সহকারী প্রকৌশলী সভায় জানান যে, সিদ্ধান্ত মোতাবেক সকল বিয়াম স্কুলের অধ্যক্ষদের নিয়ে ঢাকায় ১০/০২/২০২৩-১২/০২/২০২৩ তারিখ পর্যন্ত একটি প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে। এছাড়াও স্কুল/কলেজের শিক্ষকদের প্রশিক্ষণের আওতায় আনার ব্যবস্থা নেয়া হচ্ছে। পরিচালক (শিক্ষা) জানান যে, নায়েমের সাথে যোগাযোগ করা হচ্ছে। এ বিষয়ে সভাপতি যে সকল জেলা ও উপজেলায় স্কুল রয়েছে সে সকল জেলা ও উপজেলায় উপজেলা নির্বাহী অফিসার বরাবর পত্র দিয়ে প্রশিক্ষণের সুযোগ তৈরি করার ব্যবস্থা করতে হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ক) আগামী মার্চ/২০২৩ মাসের মধ্যে প্রতিবেদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>খ) নায়েমের সাথে যোগাযোগ করে বিয়াম স্কুল/কলেজের শিক্ষকদের প্রশিক্ষণের আওতায় আনার ব্যবস্থা করতে হবে এবং যে সকল জেলা ও উপজেলায় স্কুল রয়েছে সে সকল জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারদের পত্র দিতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>বাস্তবায়নঃ পরিচালক (শিক্ষা) |

| | | | |
|---|---|---|---|
| | | **২.২** বিয়ামের আওতাধীন চলমান শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন সংক্রান্ত আলোচনা; | |
| | | **আলোচনাঃ** পরিচালক (শিক্ষা) সভাকে জানান যে, ৪৪টি শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে ২১ পরিদর্শন সম্পন্ন হয়েছে। অবশিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন যথাসময়ে সম্পন্ন করার কার্যক্রম প্রক্রিয়াধীন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | পরিদর্শন সূচি অনুযায়ী সকল স্কুল/কলেজ পরিদর্শন অব্যাহত রাখতে হবে। সকল পরিচালককে স্কুল/কলেজ পরিদর্শন সম্পন্ন করতে হবে।<br>বাস্তবায়নঃ পরিচালক (শিক্ষা) |
| | | **২.৩** বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বিষয়ে আলোচনা; | |
| | | **আলোচনাঃ** সহকারী প্রকৌশলী অফিস আদেশ মোতাবেক মার্চ/২০২৩ মাসের শেষ সপ্তাহে ৩য় ত্রৈমাসিক রিপোর্ট প্রস্তুতের লক্ষ্যে প্রশাসন শাখায় তথ্য প্রেরণ করার বিষয়ে সকলের দৃষ্টি আকর্ষণ করেন। এ বিষয়ে সভাপতি বলেন, এপিএ নিয়ে সকলকে কাজ করতে হবে এবং সূচকের সকল কার্যক্রম নির্ধারিত সময়ে সম্পন্ন করতে হবে মর্মে সভায় তাগিদ দেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | অফিস আদেশ মোতাবেক ৩য় ত্রৈমাসিক রিপোর্ট প্রস্তুতের লক্ষ্যে প্রশাসন শাখায় তথ্য যথাসময়ে প্রেরণ নিশ্চিত করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>বাস্তবায়নঃ পরিচালক (সকল) |
| | | **২.৪** সকল শাখায় ই-নথি কার্যক্রম বাস্তবায়ন বিষয়ে আলোচনা; | |
| | | **আলোচনাঃ** সহকারী প্রকৌশলী সভায় জানান যে, সিদ্ধান্ত অনুসারে সকল শাখায় ই-নথিতে কার্যক্রম চলমান রয়েছে। শিক্ষা শাখার নথি ই-নথিতে উপস্থাপন করা হচ্ছে। এ বিষয়ে সভাপতি বলেন, ই-নথিতে প্রশাসন শাখার কাজ বেশি সম্পন্ন হচ্ছে। অন্যান্য শাখা থেকেও আরও ফাইল ই-নথিতে সম্পন্ন করার জন্য তিনি তাগিদ দেন। | সকল শাখা হতে ই-নথি কার্যক্রম আরও বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>বাস্তবায়নঃ পরিচালক (সকল) |
| | | **২.৫** ডাটা সেন্টারের বর্তমান অবস্থা ও ব্যবস্থাপনা সংক্রান্ত আলোচনা; | |
| | | **আলোচনাঃ** সহকারী প্রকৌশলী সভায় জানান যে, সিদ্ধান্ত অনুসারে গত ০৭/০২/২০২৩ তারিখ একটি সভা অনুষ্ঠিত হয়েছে। সে অনুসারে কার্যক্রম চলমান রয়েছে। | গঠিত কমিটি কর্তৃক সার্বিক অবস্থা পর্যালোচনা করে সুপারিশমালা তৈরি করে উপস্থাপন করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>বাস্তবায়নঃ (১) উপপরিচালক (প্রশাসন ও উন্নয়ন)<br>(২) সহকারী প্রোগ্রামার |
| | | **২.৬** বিয়ামের সৌন্দর্য্যবর্ধন সংক্রান্ত আলোচনা; | |
| | | **আলোচনাঃ** সহকারী প্রকৌশলী সভায় জানান যে, ২য় তলার লবি ও করিডোর এর সৌন্দর্য বর্ধনের কাজ চলমান রয়েছে। অফিস কক্ষের সৌন্দর্য বর্ধন বিষয়ে সভায় অগ্রগতি উপস্থাপন করেন। পরিচালক (অর্থ) সভাকে জানান, প্রকল্পের কিছু টাকা খরচের বাকি রয়েছে যা মার্চ/২০২৩ এর মধ্যে ব্যয় করতে হবে। পরিচালক (প্রশাসন) জানান যে হোস্টেলের বেডশীট, কম্বল, ডাইনিংসহ হোস্টেলের ফার্নিচার পুরাতন হয়ে গেছে। এছাড়া ডাইনিং এ ব্যবহৃত কক্ষ পিরিচ, প্লেট অনেক পুরানো ও সেকেলে। এগুলো দীর্ঘদিন আগের তৈরী। এতে বিয়ামের সুনাম ক্ষুন্ন হচ্ছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভাপতি বলেন প্রয়োজনে প্রকিউরমেন্ট প্ল্যান করে টাকা ব্যয়ের ব্যবস্থা করতে হবে। এ বিষয়ে একটি কমিটি গঠনের প্রস্তাব করেন। কমিটির রূপরেখা নিম্নরূপঃ ১) পরিচালক (অর্থ) — আহবায়ক, উপপরিচালক | প্রকল্পের টাকা খরচের সুনির্দিষ্ট প্রস্তাব তৈরির নিমিত্ত কমিটি গঠনের সিদ্ধান্ত হয়। কমিটি নিম্নরূপঃ<br>পরিচালক (অর্থ) — আহবায়ক, উপপরিচালক (প্রশিক্ষণ)- সদস্য, উপপরিচালক (প্রশাসন ও উন্নয়ন)- সদস্য, প্রটোকল ও জনসংযোগ কর্মকর্তা- সদস্য,<br>কেয়ারটেকার-সদস্য, সহকারী প্রকৌশলী- সদস্য ও সহকারী পরিচালক (প্রশাসন)- সদস্য সচিব। গঠিত কমিটি ১৫ দিনের মধ্যে প্রতিবেদন দাখিল করবেন।<br>বাস্তবায়নঃ পরিচালক (প্রশাসন) |

| | | | |
|---|---|---|---|
| | | (প্রশিক্ষণ)- সদস্য, উপপরিচালক (প্রশাসন ও উন্নয়ন)- সদস্য, প্রটোকল ও জনসংযোগ কর্মকর্তা-সদস্য, কেয়ারটেকার-সদস্য, সহকারী প্রকৌশলী- সদস্য ও সহকারী পরিচালক (প্রশাসন)- সদস্য সচিব। কমিটি ১৫ দিনের মধ্যে প্রয়োজনীয় উপকরনের চাহিদা প্রস্তুত করে প্রতিবেদন দিবেন। | |
| | | **২.৭** বিয়াম ফাউন্ডেশনে কর্মরত কর্মকর্তা/ কর্মচারীদের আবাসন নীতিমালা প্রণয়ন; | |
| | | **আলোচনাঃ** সহকারী প্রকৌশলী সভায় জানান যে, সিদ্ধান্ত অনুসারে খসড়া প্রস্তুত করে অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়েছে। | আবাসন নীতিমালা চুড়ান্ত করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>বাস্তবায়নঃ পরিচালক (প্রশাসন) |
| | | **২.৮** বিয়াম ফাউন্ডেশন আঞ্চলিক কেন্দ্র, কক্সবাজারের বিভিন্ন কার্যক্রম সম্পর্কিত আলোচনা; | |
| | | **আলোচনাঃ** পরিচালক, কক্সবাজার জুমে উপস্থিত না থাকায় পূর্ববর্তী সিদ্ধান্তের আলোকে পরিচালক (প্রশাসন) সভায় সংস্কার/রক্ষণাবেক্ষণ অগ্রগতি উপস্থাপন করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | আঞ্চলিক কেন্দ্র, কক্সবাজারের বিভিন্ন ত্রুটি দ্রুত নিরসন এবং Ideal Condition ঠিক রাখাসহ প্রতিনিয়ত মনিটরিং বাড়াতে হবে মর্মে সিদ্ধান্ত হয়। এ বিষয়ে অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করার জন্য বলা হয়।<br>বাস্তবায়নঃ পরিচালক, (কক্সবাজার) |
| | | **২.৯** বিয়াম ফউন্ডেশন এর আওতায় প্রশিক্ষণ কেন্দ্র কাম ডরমেটরী ভবন নির্মাণ শীর্ষক প্রকল্পের ভবনের ফ্লোর প্লান বিষয়ক আলোচনা; | |
| | | **আলোচনাঃ** সহকারী প্রকৌশলী সভায় জানান যে, বিয়াম ফাউন্ডেশন এর আওতায় প্রশিক্ষণ কেন্দ্র কাম ডরমেটরী ভবন নির্মাণ শীর্ষক প্রকল্পের ফ্লোর প্লান বোর্ড সভায় উপস্থাপনের জন্য প্রস্তুত রয়েছে।<br>এটি পরবর্তী বোর্ড সভায় উপস্থাপন করা যেতে পারে মর্মে বিস্তারিত আলোচনা হয়। | বিয়াম ফউন্ডেশন এর আওতায় প্রশিক্ষণ কেন্দ্র কাম ডরমেটরী ভবন নির্মাণ শীর্ষক প্রকল্পের ফ্লোর প্লান পরবর্তী বোর্ড সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>বাস্তবায়নেঃ প্রকল্প পরিচালক |
| | | **২.১০** ঢাকায় পদায়নকৃত কর্মকর্তাদের বিয়াম হোস্টেলে অবস্থান প্রসঙ্গে আলোচনা; | |
| | | **আলোচনাঃ** সহকারী প্রকৌশলী সভায় জানান যে, সিদ্ধান্ত ছিল ঢাকায় কর্মরত কর্মকর্তাদের হোস্টেলে অবস্থানের প্রয়োজন হলে পরিচালক (প্রশাসন) এর পূর্বানুমতি গ্রহণ করতে হবে। যা অনুসরণ করা হচ্ছে। পরবর্তী সভায় অগ্রগতি উপস্থাপন করা হবে। এ বিষয়ে সভাপতি বলেন, হোস্টেল নীতিমালা প্রয়োজনে সংশোধন করতে হবে। সভাপতি বলেন বদলীকৃত কর্মকর্তা সর্বোচ্চ ০১ (এক) মাস হোস্টেলে থাকতে পারবেন এবং নির্ধারিত ভাড়ার হার কার্যকর হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ক) নীতিমালা অনুসারে কর্মকর্তাদের হোস্টেলে অবস্থানের বিষয়টি কঠোরভাবে মনিটরিং করতে হবে এবং প্রতি সভায় অগ্রগতি উপস্থাপন করতে হবে।<br>বাস্তবায়নঃ পরিচালক (প্রশাসন)<br>খ) বদলীকৃত কর্মকর্তা সর্বোচ্চ ০১ (এক) মাস হোস্টেলে থাকতে পারবেন এবং নির্ধারিত ভাড়ার হার কার্যকর হবে মর্মে সিদ্ধান্ত হয়। প্রয়োজনে বোর্ডসভায় এর অনুমোদন নিতে হবে।<br>বাস্তবায়নঃ পরিচালক (প্রশাসন) |

| | | | |
|---|---|---|---|
| | | **২.১১** বিয়াম ফাউন্ডেশন আঞ্চলিক কেন্দ্র, কক্সবাজারে স্টাফ কোয়ার্টার এবং পরিচালকের বাসভবন নির্মাণ সংক্রান্ত; | |
| | | **আলোচনাঃ** সহকারী প্রকৌশলী সভায় জানান যে, সিদ্ধান্ত ছিল কক্সবাজারে প্রাপ্ত জমির বিষয়ে জেলা প্রশাসনের সাথে আলোচনা করে প্রয়োজন হলে জমির দাগ নম্বর সংশোধন করতে হবে। দ্রুত মাস্টার প্লান করার উদ্যোগ গ্রহণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | দ্রুত মাস্টার প্লান করার উদ্যোগ নিতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>বাস্তবায়নেঃ পরিচালক, (কক্সবাজার) |
| | | **২.১২** বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২৪ এর খসড়া প্রণয়ন বিষয়ক আলোচনা; | |
| | | **আলোচনাঃ** সহকারী প্রকৌশলী সভায় জানান যে, বিয়াম ফাউন্ডেশনের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২০২৪ এর খসড়া প্রাথমিকভাবে প্রস্তুত করা হয়েছে। কমিটি কর্তৃক ১৫ দিনের মধ্যে যাচাই-বাছাই করে চুড়ান্ত করা হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | গঠিত কমিটি কর্তৃক বিয়াম ফাউন্ডেশনের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২০২৪ এর খসড়া প্রণয়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>বাস্তবায়নঃ পরিচালক (সকল) |
| | | **২.১৩** ক্যাটারিং সার্ভিস চালু করা বিষয়ে আলোচনা; | |
| | | সহকারী প্রকৌশলী সভায় জানান যে, গঠিত কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়েছে। এ বিষয়ে কাজ চলমান রয়েছে। ক্যাটারিং সার্ভিস এর খরচ নিয়ে আলোচনা হয়। | ক্যাটারিং সার্ভিস এর মূল্য নির্ধারণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>বাস্তবায়নঃ পরিচালক (প্রশিক্ষণ) |
| | | **২.১৪** কাজ নাই মজুরী নাই ভিত্তিতে কর্মরত গাড়ীচালকদের অতিরিক্ত ভাতা প্রদান বিষয়ক আলোচনা; | |
| | | সহকারী প্রকৌশলী সভায় জানান যে, কাজ নাই মজুরী নাই ভিত্তিতে কর্মরত ড্রাইভারদের ওভারটাইম প্রদানের বিষয়টি গঠিত কমিটি কর্তৃক আরও পরীক্ষা-নিরীক্ষার জন্য রয়েছে। কাজ নাই মজুরী নাই ভিত্তিতে কর্মরত কর্মচারীদের ওভারটাইম দেয়ার কোন বিধি পাওয়া যায়নি। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | কাজ নাই মজুরী নাই ভিত্তিতে কর্মরত ড্রাইভারদের রোস্টার ডিউটি (কর্মঘন্টা ৮ ঘন্টা) করে দেয়ার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত হয়।<br>বাস্তবায়নঃ উপপরিচালক (প্রশাসন ও উন্নয়ন) |
| | | **২.১৫** কোর্স মডিউল তৈরী বিষয়ক আলোচনা; | |
| | | পরিচালক (প্রশিক্ষণ) সভাকে বলেন, প্রত্যাশী সংস্থার চাহিদার উপর ভিত্তি করে কোর্স কারিক্যুলাম প্রস্তুত করা হয়। এ বিষয়ে পরিচালক (শিক্ষা) বলেন, বিয়াম একটি এপেক্স প্রশিক্ষণ প্রতিষ্ঠান। উক্ত প্রতিষ্ঠানে কোর্স কারিক্যুলাম প্রস্তুত এর জন্য কমিটি থাকা প্রয়োজন। এ পর্যায়ে সভাপতি বলেন কমিটি থাকলে উৎকর্ষতা ও প্রশিক্ষণের মান উন্নয়নে সহায়ক হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | কোর্স কারিক্যুলাম উন্নয়নে সকল পরিচালক এর সমন্বয়ে ও প্রতিটি কোর্স শুরুর আগে সিলেবাসগুলি পর্যালোচনা করার জন্য মহাপরিচারক ও পরিচালকদের সমন্বয়ে কমিটি গঠন ও পর্যালোচনার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>বাস্তবায়নঃ পরিচালক (প্রশিক্ষণ) |
| ৩। | **বিবিধ।** | | |
| | **ক) সার্ভিস চার্জ বিতরণ সংক্রান্ত আলোচনা;** | পরিচালক (প্রশিক্ষণ) সভায় বিগত বছরের আয়-ব্যয় উপস্থাপন করেন এবং বিয়াম ফাউন্ডেশনে কর্মরত কর্মচারীদের অতিরিক্ত খাটুনি ভাতা ও সার্ভিস চার্জ বিষয়টি সভায় উপস্থাপন করেন। এ বিষয়ে পরিচালক (অর্থ) সভায় বলেন, কর্মচারীদের মধ্যে আগে সার্ভিস চার্জ বিতরণ করা হতো। পরবর্তীতে কোন এক সময় সার্ভি চার্জ বিতরণ বন্ধ হয়ে যায়। বিগত সময়ে সার্ভিস চার্জ বিতরণ না করায় অডিট আপত্তি হয়েছিল। এ বিষয়ে সভায় সভাপতি বলেন, সার্ভিস চার্জ যেহেতু প্রত্যাশী সংস্থা থেকে আদায় করা হয়। তাই বিতরণ করতে সমস্যা নেই। সার্ভিস চার্জ কিভাবে বিতরণ করা যায় তার ব্যবস্থা করা যেতে পারে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | প্রত্যাশী সংস্থার নিকট থেকে প্রাপ্ত সার্ভিস চার্জ কর্মকর্তা/ কর্মচারীদের মধ্যে বিতরণের বিষয়টি পর্যালোচনার জন্য নিম্নবর্নিত কর্মকর্তাগণ সুপারিশমালা তৈরী করবেন।<br>বাস্তবায়নঃ পরিচালক (অর্থ) ও পরিচালক (প্রশাসন) |

| | | |
|---|---|---|
| খ) শুদ্ধাচার সংক্রান্ত আলোচনা; | বিয়াম ফাউন্ডেশন শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর ৩.৩ সূচকে জিমনেশিয়াম স্থাপন অন্তর্ভুক্ত ছিল। শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান, জনপ্রশাসন মন্ত্রণালয়ের অনুশাসনের প্রেক্ষিতে জীম স্থাপনের পরিবর্তে অন্য একটি কার্যক্রম অন্তর্ভুক্ত করতে হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় জীম স্থাপনের পরিবর্তে বিয়াম ফাউন্ডেশন, ঢাকার হোস্টেলে অতিথি এন্ট্রি রেজিস্টার নিরীক্ষণ সংযোজন করা যেতে পারে। | বিয়াম ফাউন্ডেশন শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর ৩.৩ সূচকে জিমনেশিয়াম স্থাপন এর পরিবর্তে বিয়াম ফাউন্ডেশন, ঢাকার হোস্টেলে অতিথি এন্ট্রি রেজিস্টার নিরীক্ষণ সংযোজন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>বাস্তবায়নঃ উপপরিচালক (প্রশাসন ও উন্নয়ন) |
| গ) বিয়াম ল্যাবরেটরী স্কুলের জন্য কক্ষ বরাদ্দ; | পরিচালক (শিক্ষা) সভাকে জানান, বিয়াম ল্যাবরেটরি স্কুলের টিন শেড বিল্ডিং প্রকল্পের কাজের জন্য অপসারণ করা হয়েছে বিধায় স্কুলের ক্লাস নিতে সমস্যা হচ্ছে। স্কুল হতে সাময়িকভাবে ক্লাস নেয়ার জন্য কক্ষ বরাদ্দ চেয়ে আবেদন করেছেন। এ অবস্থায় বিয়াম ফাউন্ডেশন মেইন গেট সংলগ্ন কক্ষটি স্কুলের ক্লাস নেয়ার উপযোগী করে দেয়ার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বিয়াম ফাউন্ডেশন মেইন গেট সংলগ্ন কক্ষটি স্কুলের ক্লাস নেয়ার উপযোগী করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>বাস্তবায়নঃ সহকারী প্রকৌশলী |
| (ঘ) বিয়াম ফাউন্ডেশন আঞ্চলিক কেন্দ্র, কক্সবাজার-এর বিভিন্ন সংস্কার কাজ ও অন্যান্য খাতে ব্যয় সীমা বৃদ্ধি। | বিয়াম ফাউন্ডেশন আঞ্চলিক কেন্দ্র, কক্সবাজার হতে মহাপরিচালক বরাবর গত ২৩/০১/২০২৩ তারিখে ০৫.০৫.২২২৪.০০১.০২.০৪৯.২২-৩৯ নম্বর স্মারকমূলে প্রেরিত পত্রে জানানো হয় যে, বিয়াম ফাউন্ডেশন আঞ্চলিক কেন্দ্র, কক্সবাজার এর ভবনসমূহ পুরাতন হওয়ায় বিভিন্ন ধরনের সংস্কার, মেরামত ও উন্নয়ন কার্যক্রম চলমান রয়েছে। চলতি ২০২২-২৩ অর্থবছরে এ সংস্কার কাজের জন্য মাত্র ২.০০ (দুই) লক্ষ টাকা বরাদ্দ আছে। বরাদ্দকৃত অর্থ হতে ইতোমধ্যে প্রায় ১.৯০ লক্ষ টাকা ব্যয় হয়েছে। ফাউন্ডেশনের ভবনসমূহ পুরাতন হয়ে যাওয়ায় প্রতিনিয়ত মেরামত ও সংস্কার করে এবং বিভিন্ন রুমে সেনিটারী ফিটিংস মালামাল পুনঃস্থাপন করে প্রশিক্ষণ কোর্সে আগত প্রশিক্ষণার্থীদের বসবাসযোগ্য রাখার জন্য অতিরিক্ত অর্থ প্রয়োজন। ইতোপূর্বে বিভিন্ন বুনিয়াদি ও সঞ্জীবনী প্রশিক্ষণ কোর্সের জন্য মনিহারী ও অফিস স্টেশনারীসহ অন্যান্য মালামাল সংশ্লিষ্ট কোর্সের খাত হতে ক্রয় করা হতো। কিন্তু বর্তমানে বিয়াম ফাউন্ডেশন, ঢাকার অনুসরণে বিভিন্ন কোর্সের আয়ের সম্পূর্ণ অর্থ কেন্দ্রের নিজস্ব হিসাবে জমা প্রদান করায় মনিহারী ও অফিস স্টেশনারীসহ অন্যান্য মালামাল ফাউন্ডেশনের বাজেট হতে ব্যয় করা হয়ে থাকে। এ অবস্থায় চলতি অর্থবছরে ১৪ টি খাতে ৫৪.৯০ লক্ষ টাকা ব্যয়সীমা বৃদ্ধি করে মোট বরাদ্দকৃত ৮৯.৮০ লক্ষ টাকা হতে ১৪৪.৭০ লক্ষ টাকায় নির্ধারণ করা প্রয়োজন। এ পর্যায়ে পরিচালক (প্রশাসন) বলেন কক্সবাজারের অনেক কক্ষে প্রশিক্ষার্থী/আগত অতিথিদের মালামাল/কাপড় চোপড় রাখার জন্য কোন ক্যাবিনেট নেই। রিডিং টেবির থাকলেও সেগুলো খুব ছোট এবং বইপত্র রাখার কোন সুযোগ নেই। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনা শেষে বিয়াম ফাউন্ডেশন আঞ্চলিক কেন্দ্র, কক্সবাজার কমপ্লেক্সের ভবনসমূহের মেরামত ও সংস্কারসহ ১৪ টি খাতে চলতি ২০২২-২৩ অর্থবছরে বরাদ্দকৃত ৮৯.৮০ লক্ষ টাকা হতে ৫৪.৯০ লক্ষ টাকা ব্যয়সীমা বৃদ্ধি করে ১৪৪.৭০ লক্ষ টাকায় নির্ধারণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া যে সকল কক্ষে ক্যাবিনেট নেই সে সকল কক্ষে উপযুক্ত ক্যাবিনেট স্থাপন এবং টেবিলগুলোর উপরে বই রাখা শেল্ফ তৈরী/মেরামত করতে হবে। এ লক্ষ্যে প্রয়োজন হলে বাজেটের জন্য প্রস্তাব দিতে হবে।<br>বাস্তবায়নঃ (১) পরিচালক (অর্থ)<br>(২) পরিচালক, বিয়াম ফাউন্ডেশন আঞ্চলিক কেন্দ্র, কক্সবাজার। |

০২। সভাপতি সভায় উপস্থিত সকলকে আলোচনায় অংশগ্রহণ করার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন এবং আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আবদুল্লাহ আল হাসান চৌধুরী)
মহাপরিচালক
বিয়াম ফাউন্ডেশন।

স্মারক নং- ০৫.০৫.০০০০.০০২.০৬.০০৫.১৯.২৮৮(২০)

তারিখঃ১৪ মার্চ, ২০২৩

**সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:**

১. পরিচালক (সকল), বিয়াম ফাউন্ডেশন, ঢাকা।
২. পরিচালক, বিয়াম ফাউন্ডেশন আঞ্চলিক কেন্দ্র, বগুড়া/কক্সবাজার।
৩. উপপরিচালক (সকল), বিয়াম ফাউন্ডেশন, ঢাকা।
৪. সহকারী পরিচালক (সকল), বিয়াম ফাউন্ডেশন, ঢাকা।
৫. প্রটোকল ও জনসংযোগ কর্মকর্তা/কোর্স সমন্বয়ক (সকল)/সহকারী প্রকৌশলী/সহকারী প্রোগ্রামার/ হিসাবরক্ষণ কর্মকর্তা, বিয়াম ফাউন্ডেশন, ঢাকা।
৬. প্রশাসনিক কর্মকর্তা/উপ-সহকারী প্রকৌশলী, বিয়াম ফাউন্ডেশন, ঢাকা।
৭. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, বিয়াম ফাউন্ডেশন, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮. কেয়ারটেকার, বিয়াম ফাউন্ডেশন, ঢাকা।
৯. অফিস কপি।

(মেহেদী হাসান)
উপপরিচালক (প্রশাসন ও উন্নয়ন)
বিয়াম ফাউন্ডেশন, ঢাকা।